

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল পাস ও অনার্স পরীক্ষা/২০১৭/১০৮৭

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ
৩০ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**২০১৭ সালের ফাজিল (পাস) ১ম ও ২য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট এবং
ফাজিল (অনার্স) ১ম ও ২য় বর্ষ নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীদের
প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকার আওতাধীন ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের ফাজিল (পাস) ১ম ও ২য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট এবং ফাজিল (অনার্স) ১ম ও ২য় বর্ষ নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম ও নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

ক্রম	কাজের বিবরণ	তারিখ
০১	পরীক্ষা কেন্দ্রের আওতাধীন মাদরাসার প্রবেশপত্র কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ডাউনলোড সম্পন্ন করার তারিখ	০৩/১২/২০১৭ থেকে ০৫/১২/২০১৭ পর্যন্ত
০২	প্রবেশপত্র ডাউনলোড করার পর কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে কেন্দ্রের আওতাধীন মাদরাসায় প্রবেশপত্র পৌঁছানোর তারিখ	০৩/১২/২০১৭ থেকে ০৫/১২/২০১৭ পর্যন্ত
০৩	প্রবেশপত্রে যে কোন ধরণের সংশোধনের জন্য Online Banking-এ টাকা জমা দিয়ে ব্যাংক রশিদ, আবেদন ও (eFF) এর প্রিন্ট আউট কপি পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দেয়ার সর্বশেষ তারিখ	০৩/১২/২০১৭ থেকে ০৫/১২/২০১৭ পর্যন্ত
০৪	সংশোধিত প্রবেশপত্র ওয়েবসাইট হতে ডাউনলোড করার তারিখ	০৭/১২/২০১৭ থেকে ০৯/১২/২০১৭ পর্যন্ত


প্রবেশপত্র ডাউনলোড/প্রিন্ট করার নিয়মাবলী

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd এ ঢুকে eSIF/eFF মেনুতে যাবে।
- তারপর পরীক্ষা কেন্দ্রের মাদরাসার EIIN ও Password দিয়ে Login করবে।
- eFF এর অনুরূপ Class, Year, Type এবং Session নির্বাচন করে Continue বাটনে ক্লিক করবে।
- বাম পাশের মেনু বক্সে “Admit Card Download” বাটনে ক্লিক করলে কেন্দ্রের আওতাধীন সকল মাদরাসার তালিকা প্রদর্শন করা হবে।
- প্রদর্শিত তালিকায় প্রতিটি মাদরাসার নামের পার্শ্বের Downloads কলামে Generate Admit Card/Download Admit Card বাটনে ক্লিক করে Pdf ফাইলটি জেনারেট করে ডাউনলোড করবে।
- Retake ও Improvement এর ক্ষেত্রে Generate Admit Card for Retake & Improvement/Download Admit Card for Retake & Improvement বাটনে ক্লিক করে জেনারেট করে ডাউনলোড করবে।

বিঃ দ্রঃ প্রবেশপত্র প্রিন্ট করার বিস্তারিত নির্দেশিকা ড্রিনশটসহ eSIF/eFF এর “নোটিশ” সেকশনে পাওয়া যাবে।

ব্যাংকে টাকা জমা ও অন্যান্য নিয়মাবলী:

- ১। পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংশোধনী ফি বাবদ প্রতি পরীক্ষার্থী ৩০০/- (তিনশত) টাকা হারে Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং-০২০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবেশপত্র সংশোধনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে অধ্যক্ষ কর্তৃক আবেদন, ব্যাংক রশিদের মূলকপি, ও (eFF) এর প্রিন্ট আউট কপি জমা দিতে হবে।
- ২। ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন। কোন ক্রমেই নগদ টাকা পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।
- ৩। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।


পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. অধ্যক্ষ, অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসা সমূহ।
২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফাজিল পাস ও ফাজিল অনার্স পরীক্ষা কেন্দ্র-২০১৭।
৩. অফিস কপি।